# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সুপারনিউমারারি অধ্যাপক নীতিমালা, ২০২৪

(১) প্রেক্ষাপট ও ভূমিকা :

সুপারনিউমারারি অধ্যাপক বিভাগের/ইনস্টিটিউটের স্বাভাবিক শিক্ষক পদসংখ্যার অতিরিক্ত একটি বিশেষ সম্মানজনক পদ। সুপারনিউমারারি অধ্যাপক একজন অভিজ্ঞ শিক্ষক এবং প্রতিষ্ঠিত গবেষক হিসেবে তাঁর প্রজ্ঞা ও অভিজ্ঞতা দিয়ে সংশ্লিষ্ট বিষয়ে ভবিষ্যতে আরো গুরুত্বপূর্ণ অবদান রাখার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণাক্ষেত্রকে সমৃদ্ধ করবেন ।

ইতোপূর্বে ১৯৭৫ সালের ২৪ জুলাই তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেট সভার মাধ্যমে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে সুপারনিউমারারি অধ্যাপক নিয়োগের উদ্দেশ্যে শর্তাবলী নির্ধারণ করা হয়। ১৯৭৮ সালের ৩০ সেপ্টেম্বর তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় সুপারনিউমারারি অধ্যাপকগণের সুবিধা প্রদান সম্পর্কিত বিষয়ে একটি সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে ১৯৮৬ সালের ০৩ জুন তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় সংখ্যাতিরিক্তি প্রফেসর (সুপারনিউমারারি অধ্যাপক) নিয়োগ বিধি ও শর্তাবলী অনুমোদন করা হয়। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠালগ্ন থেকেই শিক্ষা ও গবেষণাক্ষেত্রকে প্রাচুর্যপূর্ণ করার লক্ষ্যে এ বিশ্ববিদ্যালয়ে একাধিক বরেণ্য ব্যক্তিকে সুপারনিউমারারি (সংখ্যাতিরিক্ত) অধ্যাপক পদে নিয়োগ দেয়া হয়েছিল। তন্মধ্যে ইংরেজি বিভাগে এস.এ.আর মতিনউদ্দিন ও জনাব আজহার হোসেন, বাংলা বিভাগে অধ্যাপক সৈয়দ আলী আহসান, ইতিহাস বিভাগে অধ্যাপক ড. আজিজুর রহমান মল্লিক, অর্থনীতি বিভাগে অধ্যাপক কায়সার হোসেন, সরকার ও রাজনীতি বিভাগে অধ্যাপক আলী আহমদ-এর নাম স্মরণযোগ্য।

বর্তমানে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণাক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের উদ্দেশ্যে সুপারনিউমারারি অধ্যাপক নিয়োগের লক্ষ্যে ১৯৭৫, ১৯৭৮ ও ১৯৮৬ সনসহ বিভিন্ন সময়ে প্রণীত সুপারনিউমারারি অধ্যাপক নিয়োগ বিধি ও শর্তাবলীতে সন্নিবেশিত শর্তসমূহকে সময়োপযোগীভাবে পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন, সংযোজন, বিয়োজন করে "জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সুপারনিউমারারি অধ্যাপক নীতিমালা, ২০২৪" নামকরণ করা হলো।

(২) শিরোনাম :

সিন্ডিকেট কর্তৃক অনুমোদনের তারিখ থেকে এই নীতিমালা "জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সুপারনিউমারারি অধ্যাপক নীতিমালা, ২০২৪" নামে অভিহিত হবে।

(৩) সংজ্ঞা :

(ক) 'বিশ্ববিদ্যালয়' অর্থ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়;
(খ) 'ভাইস চ্যান্সেলর' অর্থ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ;
(গ) 'প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা)' অর্থ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা);
(ঘ) 'ডিন' অর্থ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অনুষদের ডিন;
(ঙ) 'রেজিস্ট্রার' অর্থ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার;
(চ) 'সিন্ডিকেট' অর্থ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট;
(ছ) 'বিভাগ'/'ইনস্টিটিউট' অর্থ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বিভাগ কিংবা ইনস্টিটিউট;
(জ) 'অবসরপ্রাপ্ত অধ্যাপক' অর্থ অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার সময়সীমা অতিক্রম করে স্বাভাবিকভাবে অবসরগ্রহণকারী বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষক।

(৪) সুপারনিউমারারি অধ্যাপক নিয়োগ :

"জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সুপারনিউমারারি অধ্যাপক নীতিমালা, ২০২৪"-এর শর্তানুযায়ী এই বিশ্ববিদ্যালয়ের প্রতি বিভাগে/ইনস্টিটিউটে সর্বোচ্চ একজনকে সুপারনিউমারারি অধ্যাপক পদে নিয়োগ দেয়া যাবে।

(৫) নিয়োগের যোগ্যতা :

(ক) এ বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ১৫ (পনের) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয় পর্যায়ে ৩০ (ত্রিশ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

(খ) গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদ, জীববিজ্ঞান অনুষদ, ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ-জেইউ), ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি), ইনস্টিটিউট অব রিমোট সেনসিং এন্ড জিআইএস-এর ক্ষেত্রে ৪০টি প্রকাশনা (পিয়ার রিভিউ জার্নালে প্রকাশিত প্রবন্ধ/রিসার্চ মনোগ্রাফ/পেটেন্ট/গবেষণাধর্মী গ্রন্থ), কলা ও মানবিকী অনুষদ এবং সমাজবিজ্ঞান অনুষদের ক্ষেত্রে ৩০টি প্রকাশনা (পিয়ার রিভিউ জার্নালে প্রকাশিত প্রবন্ধ/রিসার্চ মনোগ্রাফ/পেটেন্ট/ গবেষণাধর্মী গ্রন্থ) থাকতে হবে। তন্মধ্যে,

(i) ১০টি প্রকাশনায় প্রধান গবেষক হিসেবে থাকতে হবে। প্রধান গবেষক বলতে প্রথম/ করেসপন্ডিং অথারকে বোঝাবে। প্রকাশনার বিষয়বস্তু কোনো মাস্টার্স/এম.ফিল./পিএইচ.ডি. থিসিসের অংশ হলে শিক্ষার্থী এবং তত্ত্বাবধায়ক দু জনই প্রধান গবেষক হিসেবে গণ্য হবেন।

(ii) অধ্যাপনার শেষ ১০ বছরে ন্যূনতম ১০টি প্রকাশনা থাকতে হবে।

(iii) ন্যূনতম ১০টি প্রকাশনা Science Citation Index (SCI)/Scopus Indexed Journal-এ থাকতে হবে, তবে কলা ও মানবিকী এবং সমাজবিজ্ঞান অনুষদ সংশ্লিষ্ট ব্যক্তিদের আন্তর্জাতিকভাবে স্বীকৃত উচ্চমানের জার্নালে ন্যূনতম ১০টি প্রকাশনা থাকতে হবে।

(৬) আবেদন ও নিয়োগ প্রক্রিয়া :

(ক) অধ্যাপকগণ ৬৫ বৎসর পূর্ণ করে অবসরে গেলে এ পদে নিয়োগপ্রাপ্তির উদ্দেশ্যে রেজিস্ট্রার বরাবর আবেদন করতে পারবেন। অথবা, কোন শিক্ষককে সুপারনিউমারারি অধ্যাপক পদে নিয়োগদানের জন্য বিভাগের ন্যূনতম পাঁচজন শিক্ষক রেজিস্ট্রারের নিকট আবেদন আকারে তাঁর নাম প্রস্তাব করতে পারবেন, তবে এক্ষেত্রে প্রস্তাবিত শিক্ষকের সম্মতি থাকতে হবে। রেজিস্ট্রার প্রাপ্ত আবেদনপত্রসমূহ পরবর্তী কার্যক্রমের জন্য সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করবেন।

(খ) আবেদনপ্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিভাগীয় একাডেমিক কমিটির সভায় গৃহীত সুপারিশসহ আবেদনকারী/গণের জীবনবৃত্তান্ত বিভাগের সভাপতি রেজিস্ট্রারের নিকট প্রেরণ করবেন। রেজিস্ট্রার সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক সুপারিশকৃত আবেদনপত্র ভাইস চ্যান্সেলর-এর নিকট উপস্থাপন করবেন। বিভাগ কর্তৃক আবেদনপ্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সুপারিশসহ আবেদনপত্র রেজিস্ট্রারের নিকট প্রেরণ করা না হলে রেজিস্ট্রার নিজেই প্রস্তাবাকারে আবেদনপত্র/সমূহ ভাইস চ্যান্সেলর-এর নিকট উপস্থাপন করবেন। ভাইস চ্যান্সেলর প্রস্তাবটি সিন্ডিকেটে পেশ করবেন।

(গ) বিশ্ববিদ্যালয়ে সুপারনিউমারারি অধ্যাপক নিয়োগের লক্ষ্যে আবেদনকারীর আবেদন বিবেচনার উদ্দেশ্যে সিন্ডিকেট কর্তৃক নিম্নরূপভাবে কমিটি গঠন করা হবে :

| ক্রম | পদবি | কমিটির পদবি |
|---|---|---|
| ০১. | ভাইস চ্যান্সেলর | আহ্বায়ক |
| ০২. | প্রো ভাইস-চ্যান্সেলর (শিক্ষা) | সদস্য |
| ০৩. | সিন্ডিকেটের একজন বহিস্থ সদস্য | সদস্য |
| ০৪. | সংশ্লিষ্ট অনুষদের ডিন | সদস্য |
| ০৫. | সিন্ডিকেট কর্তৃক মনোনীত ২ জন বিশেষজ্ঞ | সদস্য |

(ঘ) কমিটির সুপারিশের প্রেক্ষিতে সিন্ডিকেট সুপারনিউমারারি অধ্যাপক পদে চূড়ান্তভাবে নিয়োগ প্রদান করবে।

(৭) নিয়োগ ও মেয়াদ :

ক) সুপারনিউমারারি অধ্যাপক দুই বছরের জন্য নিয়োগপ্রাপ্ত হবেন, যা নবায়নযোগ্য। প্রতি নবায়নের ক্ষেত্রে মেয়াদ দুই বছরের অতিরিক্ত হবে না, তবে তিনি সর্বোচ্চ পাঁচ বছরের জন্য এই পদ ধারণ করতে পারবেন।

খ) পদ নবায়নের ক্ষেত্রে প্রার্থীর পূর্বতন নিয়োগকালীন কর্মদক্ষতা মূল্যায়ন করে বিভাগের একাডেমিক কমিটি তাঁকে পুনরায় নিয়োগের সুপারিশ করতে পারবে এবং সিন্ডিকেট চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

গ) প্রতি নিয়োগ ও নবায়নের ক্ষেত্রে প্রার্থীর শারীরিক ও মানসিক সুস্থতা বিবেচনায় নেয়া হবে।

(৮) দায়িত্ব ও কর্মপরিধি :

(ক) সুপারনিউমারারি অধ্যাপক শিক্ষা ও গবেষণা বিষয়ক র্কমকাণ্ডে জড়িত থাকবেন। তিনি আন্ডার গ্র্যাজুয়েট/মাস্টার্স/এম.ফিল./পিএইচ.ডি. গবেষক তত্ত্বাবধান করতে পারবেন।

(খ) শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য সুপারনিউমারারি অধ্যাপক বিভাগ/ইনস্টিটিউট/ বিশ্ববিদ্যালয়/ইউজিসি/মন্ত্রণালয় বা অন্য কোনো বৈধ সংস্থা থেকে কর্তৃপক্ষের অনুমোদনে গবেষণার জন্য তহবিল সংগ্রহ করতে পারবেন।

(গ) সুপারনিউমারারি অধ্যাপক কনফারেন্স/সেমিনার আয়োজন করতে পারবেন। বিভাগের প্রয়োজনে তিনি কোর্সে পাঠদান করবেন এবং গবেষণাধর্মী বই লিখতে পারবেন।

(ঘ) সুপারনিউমারারি অধ্যাপক কোনো প্রশাসনিক পদে থাকতে পারবেন না। তিনি বিভাগীয় সভাসহ বিশ্ববিদ্যালয়ের সিনেট, সিন্ডিকেট, অর্থ কমিটি, বোর্ড অব অ্যাডভান্সড স্টাডিজ ও শিক্ষাপর্ষদসহ সংবিধি নির্ধারিত স্ট্যাটুইটারি সভা/নির্বাচনে নিয়মিত শিক্ষক ক্যাটাগরিতে অংশগ্রহণ করতে পারবেন না। বিভাগ/বিশ্ববিদ্যালয় ক্ষতিগ্রস্ত হয় এমন কোনো কাজে লিপ্ত হওয়া থেকে তিনি বিরত থাকবেন। তিনি বিভাগ, অনুষদ অথবা বিশ্ববিদ্যালয়ের কোনো পর্ষদের সদস্য থাকবেন না।

(৯) সম্মানী ও সুবিধাদি :

(ক) সুপারনিউমারারি অধ্যাপক পদের সম্মানী সিন্ডিকেট কর্তৃক নির্ধারিত হবে। তবে সম্মানী ও পেনশনের যোগফল অবসর গ্রহণের অব্যবহিত পূর্বে তিনি যে বেতন সুবিধা (করেসপন্ডিং স্কেলে) পেতেন তার চেয়ে কোনোক্রমে বেশি হবে না। তিনি বাড়িভাড়া প্রাপ্য হবেন।

(খ) সুপারনিউমারারি অধ্যাপক বিশ্ববিদ্যালয়ের পাঠাগার, গবেষণাগার, পরিবহন, চিকিৎসাকেন্দ্র, অফিসকক্ষ ব্যবহারের সুবিধা পাবেন।

(গ) সুপারনিউমারারি অধ্যাপক যথানিয়মে ছুটি ভোগ করবেন, তবে তিনি শিক্ষা অথবা Sabbatical ছুটি প্রাপ্য হবেন না।

(ঘ) সুপারনিউমারারি অধ্যাপক গবেষণাকর্ম পরিচালনার জন্য অনুদান পেতে পারবেন।

(ঙ) সুপারনিউমারারি অধ্যাপক সেমিনার, কনফারেন্স ইত্যাদিতে যোগদানের সুযোগ পাবেন।

(চ) বিভাগীয় শিক্ষকদের তালিকায় সুপারনিউমারারি অধ্যাপকের নাম থাকবে।

(১০) সুপারনিউমারারি অধ্যাপক পদের অব্যাহতি প্রদান :

কোনো সুপারনিউমারারি অধ্যাপক তাঁর দায়িত্ব সঠিকভাবে পালন করছেন না কিংবা অননুমোদিত কর্মকাণ্ডে লিপ্ত আছেন কিংবা তাঁর কর্মকাণ্ড বিশ্ববিদ্যালয়ের কিংবা দেশের জন্য ক্ষতিকর বিবেচিত- এই মর্মে অভিযোগ থাকলে

তার সত্যতা যাচাইপূর্বক সিন্ডিকেট তাঁকে মেয়াদপূর্তির পূর্বেই অব্যাহতি প্রদান করতে পারবে। এ ক্ষেত্রে সিন্ডিকেটের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(১১) ব্যাখ্যা, অস্পষ্টতা দূরীকরণ ও সংশোধন :

(ক) এই নীতিমালা বা এই নীতিমালার কোনো অংশের ব্যাখ্যা প্রদান করা কিংবা স্পষ্টীকরণের প্রয়োজন হলে বিষয়টি সিন্ডিকেটে উত্থাপন করতে হবে এবং উত্থাপিত বিষয়ে সিন্ডিকেটের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(খ) প্রয়োজন অনুযায়ী এই নীতিমালা বা এই নীতিমালার কোনো অংশের সংশোধন, সংযোজন, বিয়োজন কিংবা প্রতিস্থাপনের ক্ষমতা সিন্ডিকেটের থাকবে।

০৫/০৫/২০২৪

(অধ্যাপক শেখ মো. মনজুরুল হক)
প্রো-উপাচার্য (প্রশাসন), জাবি
এবং
সভাপতি, সংশ্লিষ্ট কমিটি

05/05/24

(অধ্যাপক ড. ফরিদ আহমদ)
ডিন, গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ, জাবি
এবং
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

৫/৫/২০২৪

(অধ্যাপক বশির আহমেদ)
ডিন, সমাজবিজ্ঞান অনুষদ, জাবি
এবং
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

05/05/2024

(অধ্যাপক ড. মো. লায়েক সাজ্জাদ এন্দেল্লাহ)
গণিত বিভাগ, জাবি (সিন্ডিকেট সদস্য)
এবং
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

Ashrafulalam 05/05/2024

(অধ্যাপক ড. মো. আশরাফ-উল-আলম)
পরিসংখ্যান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (সিন্ডিকেট সদস্য)
এবং
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

05.5.2024

(মো. মাহতাব-উজ-জাহিদ)
ডেপুটি রেজিস্ট্রার (সাধারণ প্রশাসন), জাবি
এবং
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা।

০৪-৭-২০২৪ তারিখ অনুষ্ঠিত সিন্ডিকেটের ৩১৩-তম সভার কার্যবিবরণীর উদ্ধৃতাংশ।

আলোচ্যসূচি নং-১(চ)

২৩-৫-২০২৪ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের বিশেষ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

সিদ্ধান্ত :

২৩-৫-২০২৪ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের বিশেষ সভার কার্যবিবরণী নিম্নোক্ত সংযোজনীসহ নিশ্চিতকরণ করা হলো।

"৩৮।৭(ঘ)সুপারনিউমারারি অধ্যাপক সর্বোচ্চ ৮০(আশি) বছর বয়স পর্যন্ত এই পদে বহাল থাকতে পারবেন।"

স্বাঃ/-রেজিস্ট্রার, জাবি।

স্মারক সংখ্যা : ১১০(৩)

তারিখ : ৯-৭-২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

১। রেজিস্ট্রার, জাবি, সাভার, ঢাকা।
২। ডেপুটি রেজিস্ট্রার(টিচিং)/ডেপুটি রেজিস্ট্রার(সাধারণ প্রশাসন), জাবি, সাভার, ঢাকা।

৯/৭/২০২৪
(মো. জাহাঙ্গীর সিকদার)
ডেপুটি রেজিস্ট্রার(কাউন্সিল)